

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নং ০৫.৮১.০০০০.০০২.০১.০১৮.১৫.১৪৪৭

তারিখ: ২৭/১২/২০১৮ খ্রি.

বিষয়: হিসাবরক্ষক রোকসানা আক্তার এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা-১/২০১৮ এর ১ম কারণ দর্শানো নোটিশের জবাব ও ব্যক্তিগত শুনানী পর্যালোচনা এবং আদেশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়, সিলেট এর হিসাবরক্ষক মিজ রোকসানা আক্তার এর বিরুদ্ধে গত ২৬/০৮/২০১৮ খ্রি. হতে ২৭/১০/২০১৮ খ্রি. পর্যন্ত মোট ৬৩ (তেষটি) দিন অনুনোমোদিতভাবে অনুপস্থিত থাকার জন্য বিভাগীয় মামলা-১/২০১৮ রুজুপূর্বক ১ম কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, সিলেটের মাধ্যমে তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করেন। কারণ দর্শানোর জবাবে তিনি ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করেন। সে প্রেক্ষিতে গত ১৭/১২/২০১৮ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, গত ১৮ ও ১৯ আগস্ট, ২০১৮ দু'দিনের ছুটি নিয়ে সিলেট থেকে ঢাকায় আসার পর অসুস্থ হয়ে পড়েন। অসুস্থ থাকায় তিনি নিজে অফিসকে জানাতে পারেননি কিন্তু স্বামীর মাধ্যমে ফোন করে অফিসকে জানিয়েছিলেন। বর্তমানে তিনি থাইরয়েডের সমস্যাসহ বিভিন্ন রোগে ভোগছেন। উপযুক্ত চিকিৎসা না হলে পরবর্তীতে আরো অবনতি হতে পারে। কারণ দর্শানোর জবাবের সাথে চিকিৎসা গ্রহণের বিভিন্ন কাগজপত্র জমা দিয়েছেন। অসুস্থ থাকার বিষয়টি সঠিকভাবে অফিসকে না জানানোই তার ভুল হয়েছে। তিনি ক্ষমাপ্রার্থী এবং ভবিষ্যতে এরকম ভুলের পুনরাবৃত্তি হবে না মর্মে ১ম বারের জন্য ত্রুটিবিচ্যুতির ক্ষমা চান।


০২। তার জবাব, দাখিলকৃত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানী পর্যালোচনায় দেখা যায় যে, তিনি ৬৩ (২৬/০৮/২০১৮ খ্রি. হতে ২৭/১০/২০১৮ খ্রি.) (তেষটি) দিন কোন জটিল রোগের জন্য অসুস্থ ছিলেন তা নিশ্চিত হওয়া যায় না। তাছাড়া অসুস্থ থাকাকালীন সময়ে তিনি কোন ছুটির আবেদন দাখিল করেননি। এমনকি তিনি মোবাইল ফোন/অফিসের ফোন নাম্বারে কাউকে অবহিত করেননি। উপরন্তু তার সাথে অফিস থেকে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তার ব্যবহৃত মোবাইল ফোনটি বন্ধ পাওয়া যায়। তিনি নিজে তার অসুস্থতার কথা লিখিত/মৌখিকভাবে না জানিয়ে তার স্বামীর মাধ্যমে জানিয়েছেন যা বিধি পরিপন্থী।

০৩। এছাড়া ইতোপূর্বে, বিভাগীয় কার্যালয়, ঢাকা থেকে তাকে বিভাগীয় কার্যালয় সিলেটে বদলী করা হলে তিনি যোগদানের নির্ধারিত সময়ের ১৯ (উনিশ) দিন পরে ১২/০৮/২০১৮খ্রি. তারিখে যোগদান

করেছেন। যা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩ এর ৩৮ (১) ধারায় অপরাধ করেছেন এবং যার প্রাপ্য গুরুদণ্ড।

০৪। চাকরিতে নবীন এবং অনভিজ্ঞতার কারণে প্রথমবারের মত অপরাধ বিবেচনায় ৩৮(১)(ক)(আ) উপধারা মোতাবেক (i) তার আগামী বার্ষিক বর্ধিত বেতন স্থগিত করা হলো এবং (ii) পূর্বানুমোদন ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত ৬৩ (তেষট্টি) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ অবিলম্বে কার্যকর করা হবে।


(মোহাম্মদ কেফায়েত উল্লাহ)
পরিচালক (প্রশাসন)
ফোন: ৮৩৯২১২০

মিজ রোকসানা আক্তার
হিসাবরক্ষক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, সিলেট।

অনুলিপি:

- ০১। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ০২। উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। অফিস কপি।